

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৮.০২৯.০০.০০.০৩৩.২০১৫- ২৮৩


তারিখ : ০৯ চৈত্র, ১৪২৩
২৩ মার্চ, ২০১৭

বিষয় : নোয়াখালী পৌরসভাকে লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি) তে অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত।

- সূত্র : ১। মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর ডিও পত্র নং-১০৭, তারিখ : ০৯/০২/২০১৭খ্রি:।
২। এলজিএসপি-২ হতে প্রাপ্ত পত্র নং-৪৩৮, তারিখ : ০৮/০৩/২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে সবিনয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকার ও উন্নয়ন সহযোগী সংস্থা বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩(এলজিএসপি-৩) পাঁচ বছর মেয়াদে(জানুয়ারি, ২০১৭- ডিসেম্বর, ২০২১) বাস্তবায়িত হবে। উক্ত প্রকল্পের আওতায় প্রতি বিভাগ থেকে ২টি করে মোট ১৬টি পৌরসভা পাইলটিং এর জন্য নির্বাচন করতে হবে। ডিপিপি'র শর্ত অনুযায়ী যেসকল পৌরসভার জনসংখ্যা সর্বোচ্চ ৬০,০০০ অথবা তার নীচে এমন পৌরসভা পাইলটিং এর জন্য নির্বাচন করতে হবে। বিশ্বব্যাংকের টেকনিক্যাল মিশনের রিপোর্টে 'গ' শ্রেণীভুক্ত পৌরসভা পাইলটিং এর জন্য নির্বাচনের কথা উল্লেখ রয়েছে।

০২। এমতাবস্থায়, নোয়াখালী পৌরসভা "ক" শ্রেণীভুক্ত এবং মোট জনসংখ্যা ১,১১,৬৫০ যা প্রকল্পের ডিপিপি-তে বর্ণিত শর্তাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ নয় বিধায় এলজিএসপি-৩ এর আওতায় পাইলটিং এর জন্য নোয়াখালী পৌরসভাকে অন্তর্ভুক্ত করার সুযোগ নেই মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।


(ড. সৈয়দা নওশীন পর্গিনী)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০

মাননীয় মন্ত্রীর একান্ত সচিব
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।